# এনসিসি গঠনে জবাবদিহিতার ভিত্তি নাহ থাকায় একমত নয় বিএনপি: সালাউদ্দিন আহমেদ



সালাউদ্দিন আহমেদ : সংগৃহীত ছবি

বিএনপির স্থায়ী কমিটির সদস্য সালাহউদ্দিন আহমদ বলেছেন, প্রস্তাবিত জাতীয় সাংবিধানিক কাউন্সিলে (এনসিসি) জবাবদিহিতার কোন স্কোপ নেই। তাছাড়া, কাউন্সিলটি আরেকটি ভারসাম্যহীন অবস্থা তৈরি করবে। তাই এনসিসি গঠনের ক্ষেত্রে একমত হচ্ছে নাহ বিএনপি।

আজ বুধবার (১৮ জুন) ঐকমত্য কমিশনে দ্বিতীয় পর্যায়ের বৈঠকের দ্বিতীয় দিনের আলোচনা শেষে সাংবাদিকদের এক প্রশ্নে এ কথা বলেন তিনি।

তিনি বলেন, জাতীয় সাংবিধানিক কাউন্সিলকে যে দায়িত্ব দেয়ার প্রস্তাব করা হয়েছে তা বর্তমানে নির্বাহী বিভাগ দ্বারা বিভিন্ন আইনের মাধ্যমে হয়ে থাকে। প্রস্তাবিত এই কাউন্সিলের কোনও জবাবদিহিতা নেই। যে কাউন্সিলের কর্তৃত্ব ও ক্ষমতা থাকে কিন্তু জবাবদিহিতা থাকে না সেরকম কোনও প্রতিষ্ঠানকে গণতান্ত্রিক দল হিসেবে বিএনপি সমর্থন জানাতে পারে না।

সালাউদ্দিন আহমেদ আরও বলেন, রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রীর ক্ষমতার ভারসাম্য, অন্য সাংবিধানিক পদ ও সংস্থা স্বাধীন করতে পারলে সমস্যা থাকবে না। সুশাসন নিশ্চিত করতে ন্যায়পাল করা যেতে পারে। পাশাপাশি নির্বাচন কমিশন আইনও সংশোধন করা যেতে পারে। এ সময় স্বাধীনতা বিচার ব্যবস্থা হলে ভারসাম্যহীনতা দূর হবে বলেও মন্তব্য করেন।